

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
১৬, আব্দুল গনি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.১০০.৩২.০০৬.১৫-৩৬৪(৭)

তারিখঃ ২১/১১/২০১৫খ্রিঃ

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এর গৃহীত উদ্যোগ মাঠ পর্যায়ে প্রয়োগ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এর অধীনে জনাব মোঃ মনিরুল হক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কলাপাড়া, পটুয়াখালী কর্তৃক গৃহীত "প্রকৃত কৃষকদের নিকট হতে ধান ও গম সংগ্রহ করা" শীর্ষক উদ্ভাবনী প্রকল্পটি সফলভাবে বাস্তবায়ন করেছেন। এছাড়াও জনাব কাজী সাইফুদ্দিন, জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী কর্তৃক গৃহীত "ব্যবসায়ীদের খাদ্যশস্য লাইসেন্স এর আওতায় নিয়ে আসা" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নধীন রয়েছে। উক্ত প্রকল্প দু'টির কার্যক্রম মাঠ পর্যায়ে প্রয়োগের লক্ষ্যে সকলকে অবহিত করণের জন্য গত ০১/১০/২০১৫ তারিখে খাদ্য অধিদপ্তরের ইনোভেশন টিমের সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, প্রকল্প দুটি গ্রহণ হতে বাস্তবায়ন পর্যন্ত ধারাবাহিক কার্যক্রমের বিবরণী খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dgfood.gov.bd এর ইনোভেশন তথ্য শীর্ষক সেবা বক্সে দেয়া হয়েছে। এক্ষেত্রে, আলোচ্য প্রকল্প দুটির কার্যক্রম মাঠ পর্যায়ে প্রয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

প্রাপকঃ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

.....



(চিত্তর রঞ্জন বেপারী)

অতিরিক্ত পরিচালক

অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ

ও ইনোভেশন অফিসার

খাদ্য অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ০২-৯৫৫৮৮৯১


adl.ja@dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.১০০.৩২.০০৬.১৫-৩৬৪/৭(৯)

তারিখঃ ২১/১১/২০১৫খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

- ১। যুগ্ম সচিব (বাজেট ও অডিট) এবং প্রধান ইনোভেশন অফিসার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।-সকল আখানিকে ফ্যাক্সযোগে অবহিতকরণের অনুরোধসহ।
- ৪। অফিস কপি।
- ৫। মাষ্টার কপি।



সিস্টেম এনালিস্ট

কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট

খাদ্য অধিদপ্তর, ঢাকা।